গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮

(১৯ জুলাই, ২০১৮ সালে প্রণীত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (মাদ্রাসা) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮

ক্রমিক নং

১। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (মাদ্রাসা) কর্মরত শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ সুষ্ঠুভাবে বণ্টন, উপযুক্ত জনবল কাঠামো প্রণয়ন ও এতদসংক্রান্ত পদ্ধতি যুগোপযোগীকরণের জন্য জনবলকাঠামো সম্পর্কিত নীতিমালা-২০১৮ প্রণয়ন করা হলো:

২। শিরোনাম : এ নীতিমালা "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা)এর জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮" নামে অভিহিত হবে।

৩। নীতিমালার প্রয়োগ : এই নীতিমালা দেশের অভ্যন্তরে অবস্থিত নিম্নোক্ত বেসরকারি মাদ্রাসা শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের জন্য প্রযোজ্য হবে:

৩.১। সংযুক্ত এবতেদায়ী মাদ্রাসা, দাখিল মাদ্রাসা, আলিম মাদ্রাসা, ফাজিল মাদ্রাসা এবং কামিল মাদ্রাসা।

৪। বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানকারী কর্তৃপক্ষ: এ নীতিমালার অধীনে বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানকারী কর্তৃপক্ষ বলতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে বোঝাবে।

৫। বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্তির আবশ্যকীয় শর্তাবলি:

৫.১। স্বীকৃতি/অধিভুক্তি: প্রতিষ্ঠানকে (মাদ্রাসা) অবশ্যই বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃতি/অধিভুক্তি প্রাপ্ত হতে হবে। একই সাথে এম.পি.ও এর আবেদন যাচাইকালে হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তির শর্তাবলি পূরণকৃত থাকতে হবে।

৫.২। প্রাপ্যতা: পরিশিষ্ট 'ক' অনুযায়ী ভৌগলিক দূরত্ব ও জনসংখ্যার ভিত্তিতে প্রাপ্যতার শর্তপূরণ করতে হবে।

৫.৩। কাম্য শিক্ষার্থী : পরিশিষ্ট 'খ' অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক শিক্ষার্থী থাকতে হবে।

৫.৪। কাম্য ফলাফল : পরীক্ষায় পরিশিষ্ট-'গ' মোতাবেক কাম্য ফলাফল অর্জন করতে হবে।

৫.৫। জনবলকাঠামো: সরকার অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী (পরিশিষ্ট-ঘ)শিক্ষক-কর্মচারী নিয়োজিত থাকতে হবে।

৫.৬। ব্যবস্থাপনা কমিটি/গভর্ণিংবডি: যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ব্যবস্থাপনা কমিটি/গভর্ণিং বডি থাকতে হবে।

৫.৭। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রযোজ্য ক্ষেত্রে NTRCA এর মেধাক্রম/মনোনয়ন/নির্বাচন অনুসারে শিক্ষক নিয়োগ করবে।

৫.৮। কোন প্রতিষ্ঠানের (মাদ্রাসা) স্বীকৃতি ও অধিভুক্তির জন্য প্রয়োজনীয় শর্ত পূরণ ঐ প্রতিষ্ঠানের এম.পি.ও.ভুক্তি নিশ্চিত করবে না। সরকার আর্থিক সামর্থ্য অনুযায়ী প্রতিষ্ঠানকে এম.পি.ওভুক্ত করবে।

৬। নিয়োগ, যোগ্যতা এবং জনবল কাঠামো:-

৬.১। বেসরকারি মাদ্রাসাসমূহের শিক্ষক ও কর্মচারীর জনবলকাঠামো নিম্নরূপ :

ক. দাখিল মাদ্রাসা (১ম-১০ম):

| ক্রমিক নং | পদবী | পদ সংখ্যা |
|---|---|---|
| ১ | সুপারিনটেনডেন্ট | ১ |
| ২ | সহকারী সুপারিনটেনডেন্ট | ১ |
| ৩ | সহকারী মৌলভী | ৪ |
| ৪ | সহকারী শিক্ষক(বাংলা) | ১ |
| ৫ | সহকারী শিক্ষক (ইংরেজি) | ১ |
| ৬ | সহকারী শিক্ষক ( সামাজিক বিজ্ঞান) | ১ |
| ৭ | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)[অনুমোদনসহ ব্যবসায় শিক্ষা শাখা চালু থাকলে] | ১ |
| ৮ | সহকারী শিক্ষক (গণিত ) | ১ |
| ৯ | সহকারী শিক্ষক (ভৌতবিজ্ঞান) | ১ |
| ১০ | সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান) [অনুমোদনসহ বিজ্ঞান শাখা চালু থাকলে] | ১ |
| ১১ | সহকারী শিক্ষক (কৃষি ) | ১ |
| ১২ | সহকারী শিক্ষক ( গার্হস্থ্য অর্থনীতি) | ১ |
| ১৩ | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১ |
| ১৪ | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) | ১ |
| ১৫ | এবতেদায়ি প্রধান | ১ |
| ১৬ | জুনিয়র শিক্ষক | ১ |
| ১৭ | জুনিয়র মৌলভী | ২ |
| ১৮ | ক্বারী | ১ |
| ১৯ | সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার | ১ |
| ২০ | কম্পিউটার ল্যাব অপারেটর (সরকার প্রদত্ত কম্পিউটার ল্যাব চালু থাকলে) | ১ |
| ২১ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ১ |
| ২২ | গবেষণাগার /ল্যাব সহকারী | ১ |
| ২৩ | নিরাপত্তা কর্মী | ১ |
| ২৪ | পরিচ্ছন্নতা কর্মী | ১ |
| ২৫ | নৈশ প্রহরী | ১ |
| ২৬ | আয়া (মহিলা মাদ্রাসার জন্য / সহশিক্ষা চালু থাকলে) | ১ |

খ. আলিম মাদ্রাসা(১ম-১২শ):

| ক্রমিক নং | পদবী | পদসংখ্যা |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | ১ |
| ২ | উপাধ্যক্ষ | ১ |

| ক্রমিক নং | পদবী | পদসংখ্যা |
|---|---|---|
| ৩ | প্রভাষক/সহকারী অধ্যাপক (আরবি) | ৪ |
| ৪ | প্রভাষক/সহকারী অধ্যাপক ( বাংলা ) | ১ |
| ৫ | প্রভাষক/সহকারী অধ্যাপক ( ইংরেজি ) | ১ |
| ৬ | প্রভাষক/সহকারী অধ্যাপক (মানবিক / সামাজিক বিজ্ঞান ) প্রতি বিষয়ে | ১ |
| ৭ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ব্যবসায় শিক্ষা) প্রতি বিষয়ে | ১ |
| ৮ | প্রভাষক/সহকারী অধ্যাপক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১ |
| ৯ | প্রভাষক/সহকারী অধ্যাপক (বিজ্ঞান) প্রতি বিষয়ে | ১ |
| ১০ | প্রদর্শক (ল্যাব চালু থাকলে পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ও উদ্ভিদবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান প্রতি বিষয়ে) | ১ |
| ১১ | সহকারী মৌলভী | ৪ |
| ১২ | সহকারী শিক্ষক(বাংলা) | ১ |
| ১৩ | সহকারী শিক্ষক (ইংরেজি) | ১ |
| ১৪ | সহকারী শিক্ষক ( সামাজিক বিজ্ঞান) | ১ |
| ১৫ | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)[অনুমোদনসহ ব্যবসায় শিক্ষা শাখা চালু থাকলে] | ১ |
| ১৬ | সহকারী শিক্ষক (গণিত) ও সাধারণ বিজ্ঞান | ১ |
| ১৭ | সহকারী শিক্ষক ( ভৌত বিজ্ঞান) | ১ |
| ১৮ | সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান) [অনুমোদনসহ বিজ্ঞান শাখা চালু থাকলে] | ১ |
| ১৯ | সহকারী শিক্ষক ( কৃষি) | ১ |
| ২০ | সহকারী শিক্ষক (গার্হস্থ্য অর্থনীতি) | ১ |
| ২১ | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১ |
| ২২ | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) | ১ |
| ২৩ | এবতেদায়ি প্রধান | ১ |
| ২৪ | জুনিয়র শিক্ষক | ১ |
| ২৫ | জুনিয়র মৌলভী | ২ |
| ২৬ | ক্বারী | ১ |
| ২৭ | সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার | ১ |
| ২৮ | অফিস সহকারী কাম হিসাব সহকারী | ১ |
| ২৯ | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ২ |
| ৩০ | গবেষণাগার/ল্যাব সহকারী (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ও উদ্ভিদবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান বিষয়ে ল্যাব চালু থাকলে প্রতি বিষয়ে) | ১ |
| ৩১ | নিরাপত্তা কর্মী | ১ |
| ৩২ | পরিচ্ছন্নতা কর্মী | ১ |
| ৩৩ | নৈশ প্রহরী | ১ |
| ৩৪ | আয়া (মহিলা মাদ্রাসার জন্য / সহশিক্ষা চালু থাকলে) | ১ |

গ. ফাজিল (১ম-১৫শ):

| ক্রমিক নং | পদবী | সংখ্যা |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | ১ |
| ২ | উপাধ্যক্ষ | ১ |
| ৩ | প্রভাষক/সহকারী অধ্যাপক (আরবি)/সহযোগী অধ্যাপক | ৬ |
| ৪ | প্রভাষক/সহকারী অধ্যাপক ( বাংলা )/ সহযোগী অধ্যাপক (বিষয়ে স্নাতক স্তর চালু থাকলে ) | ২ |
| ৫ | প্রভাষক/সহকারী অধ্যাপক ( ইংরেজি ) (বিষয়ে স্নাতক স্তর চালু থাকলে ) | ২ |
| ৬ | প্রভাষক/সহকারী অধ্যাপক (মানবিক/সামাজিক বিজ্ঞানসহ) (স্নাতক স্তর চালু থাকলে প্রতি বিষয়ে) | ২ |
| ৭ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ব্যবসায় শিক্ষা) (বিষয়ে স্নাতক স্তর চালু থাকলে ) | ২ |
| ৮ | প্রভাষক/সহকারী অধ্যাপক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (বিষয়ে স্নাতক স্তর চালু থাকলে ) | ২ |
| ৯ | প্রভাষক/সহকারী অধ্যাপক (বিজ্ঞান)বিষয়ে স্নাতক স্তর চালু থাকলে | ২ |
| ১০ | প্রদর্শক (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, উদ্ভিদ বিজ্ঞান ও প্রাণি বিজ্ঞান বিষয়ে ল্যাব চালু থাকলে প্রতি বিষয়ে) | ১ |
| ১১ | গ্রন্থাগারিক | ১ |
| ১২ | সহকারী মৌলভী | ৪ |
| ১৩ | সহকারী শিক্ষক (বাংলা) | ১ |
| ১৪ | সহকারী শিক্ষক (ইংরেজি) | ১ |
| ১৫ | সহকারী শিক্ষক ( সামাজিক বিজ্ঞান) | ১ |
| ১৬ | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)[অনুমোদনসহ ব্যবসায় শিক্ষা শাখা চালু থাকলে] | ১ |
| ১৭ | সহকারী শিক্ষক (গণিত) ও সাধারণ বিজ্ঞান | ১ |
| ১৮ | সহকারী শিক্ষক ( ভৌত বিজ্ঞান) | ১ |
| ১৯ | সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান) [অনুমোদনসহ বিজ্ঞান শাখা চালু থাকলে] | ১ |
| ২০ | সহকারী শিক্ষক (কৃষি ) | ১ |
| ২১ | সহকারী শিক্ষক (গার্হস্থ্য অর্থনীতি) | ১ |
| ২২ | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১ |
| ২৩ | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) | ১ |
| ২৪ | এবতেদায়ি প্রধান | ১ |
| ২৫ | জুনিয়র শিক্ষক | ১ |
| ২৬ | জুনিয়র মৌলভী | ২ |
| ২৭ | ক্বারী | ১ |
| ২৮ | সহকারী গ্রন্থাগারিক/ক্যাটালগার | ১ |
| ২৯ | অফিস সহকারী কাম হিসাব সহকারী | ১ |
| ৩০ | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ২ |

| ক্রমিক নং | পদবী | সংখ্যা |
|---|---|---|
| ৩১ | গবেষণাগার/ল্যাব সহকারী (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, উদ্ভিদ বিজ্ঞান ও প্রাণি বিজ্ঞান বিষয়ে ল্যাব চালু থাকলে প্রতি বিষয়ে) | ১ |
| ৩২ | নিরাপত্তা কর্মী | ১ |
| ৩৩ | পরিচ্ছন্নতা কর্মী | ১ |
| ৩৪ | নৈশ প্রহরী | ১ |
| ৩৫ | আয়া (মহিলা মাদ্রাসার জন্য / সহশিক্ষা চালু থাকলে) | ১ |

ঘ) কামিল মাদ্রাসা (১ম-১৭শ):

| ক্রমিক নং | পদবী | পদ সংখ্যা |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | ১ |
| ২ | উপাধ্যক্ষ | ১ |
| ৩ | মুহাদ্দিস [হাদিস বিভাগ চালু থাকলে] | ২ |
| ৪ | প্রভাষক (হাদিস) [হাদিস বিভাগ চালু থাকলে] | ২ |
| ৫ | মুফাচ্ছির [তাফসির বিভাগ চালু থাকলে] | ২ |
| ৬ | প্রভাষক (তাফসির) [তাফসির বিভাগ চালু থাকলে] | ২ |
| ৭ | ফকিহ [ফিকহ বিভাগ চালু থাকলে] | ২ |
| ৮ | প্রভাষক (ফিকহ) [ফিকহ বিভাগ চালু থাকলে] | ২ |
| ৯ | আদিব [আদব বিভাগ চালু থাকলে] | ২ |
| ১০ | প্রভাষক (আদব) [আদব বিভাগ চালু থাকলে] | ২ |
| ১১ | প্রভাষক/সহকারী অধ্যাপক (আরবি) | ৬ |
| ১২ | প্রভাষক/সহকারী অধ্যাপক ( বাংলা ) (বিষয়ে স্নাতক স্তর চালু থাকলে ) | ২ |
| ১৩ | প্রভাষক/সহকারী অধ্যাপক ( ইংরেজি ) (বিষয়ে স্নাতক স্তর চালু থাকলে ) | ২ |
| ১৪ | প্রভাষক/সহকারী অধ্যাপক (মানবিক/সামাজিক বিজ্ঞান) (বিষয়ে স্নাতক স্তর চালু থাকলে ) | ২ |
| ১৫ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ব্যবসায় শিক্ষা) (বিষয়ে স্নাতক স্তর চালু থাকলে ) | ২ |
| ১৬ | প্রভাষক/সহকারী অধ্যাপক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (বিষয়ে স্নাতক স্তর চালু থাকলে ) | ২ |
| ১৭ | প্রভাষক/সহকারী অধ্যাপক (বিজ্ঞান)বিষয়ে স্নাতক স্তর চালু থাকলে | ২ |
| ১৮ | প্রদর্শক (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান বিষয়ে ল্যাব চালু থাকলে প্রতি বিষয়ে) | ১ |
| ১৯ | গ্রন্থাগারিক | ১ |
| ২০ | সহকারী মৌলভী | ৪ |
| ২১ | সহকারী শিক্ষক(বাংলা) | ১ |

| ক্রমিক নং | পদবী | পদ সংখ্যা |
|---|---|---|
| ২২ | সহকারী শিক্ষক (ইংরেজি) | ১ |
| ২৩ | সহকারী শিক্ষক ( সামাজিক বিজ্ঞান) | ১ |
| ২৪ | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)[অনুমোদনসহ ব্যবসায় শিক্ষা শাখা চালু থাকলে] | ১ |
| ২৫ | সহকারী শিক্ষক (গণিত) | ১ |
| ২৬ | সহকারী শিক্ষক ( ভৌত বিজ্ঞান) | ১ |
| ২৭ | সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান) [অনুমোদনসহ বিজ্ঞান শাখা চালু থাকলে] | ১ |
| ২৮ | সহকারী শিক্ষক (কৃষি ) | ১ |
| ২৯ | সহকারী শিক্ষক (গার্হস্থ্য অর্থনীতি) | ১ |
| ৩০ | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১ |
| ৩১ | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) | ১ |
| ৩২ | এবতেদায়ি প্রধান | ১ |
| ৩৩ | জুনিয়র শিক্ষক | ১ |
| ৩৪ | জুনিয়র মৌলভী | ২ |
| ৩৫ | ক্বারী | ১ |
| ৩৬ | সহকারী গ্রন্থাগারিক/ক্যাটালগার | ১ |
| ৩৭ | অফিস সহকারী কাম হিসাব সহকারী | ১ |
| ৩৮ | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ২ |
| ৩৯ | গবেষণাগার/ল্যাব সহকারী (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান বিষয়ে ল্যাব চালু থাকলে প্রতি বিষয়ে) | ১ |
| ৪০ | নিরাপত্তা প্রহরী | ১ |
| ৪১ | পরিচ্ছন্নতা কর্মী | ১ |
| ৪২ | নৈশ প্রহরী | ১ |
| ৪৩ | আয়া (মহিলা মাদ্রাসা/ সহশিক্ষা চালু থাকলে) | ১ |

৬.১.১। মাদ্রাসাসমূহে বিষয়/বিভাগ খোলার শর্তাবলি:

### ক) দাখিল মাদ্রাসা(১ম-১০ম):

(১) নবম শ্রেণিতে মানবিক, বিজ্ঞান ইত্যাদি খোলার জন্য প্রতি বিভাগে (Each stream) ন্যূনতম ২৫ জন শিক্ষার্থী থাকতে হবে এবং

(২) প্রতিটি দাখিল মাদ্রাসায় একক শ্রেণির/শাখার শিক্ষার্থীর সংখ্যা হবে ৫০(পঞ্চাশ)। তবে শিক্ষার্থীর সংখা ৫০ এর অধিক হলে পরবর্তী ৪০(চল্লিশ) জনের জন্য ২য় শাখা খোলা যাবে। তৃতীয়/পরবর্তী প্রতি শাখার জন্য পূর্ববর্তী শাখা সমূহে ৫০(পঞ্চাশ) জন পূর্ণ হতে হবে। প্রতি শাখার জন্য ১(এক) জন হিসাবে গণনাপূর্বক শিক্ষক সংখ্যা বৃদ্ধি পাবে।

### খ) আলিম মাদ্রাসা (১ম-১২শ):

(১) আলিম স্তরে মানবিক, বিজ্ঞান বিভাগ ইত্যাদি খোলার জন্য প্রতি বিভাগে (Each stream) ন্যূনতম ২৫ জন

শিক্ষার্থী থাকতে হবে এবং

(২) আলিম স্তরে সাধারণত প্রতি বিভাগে চারটি বিষয় (Subject) থাকবে, তবে ৫ম বা ততোধিক বিষয় খুলতে হলে অতিরিক্ত প্রতি বিষয়ের জন্য আরও কমপক্ষে ২৫ জন করে শিক্ষার্থী থাকতে হবে।

গ) ফাজিল (পাস) মাদ্রাসা (১ম-১৫শ):

(১) ফাজিল (পাস) স্তর খোলার জন্য এ স্তরে প্রতি শ্রেনীতে ন্যূনতম ২৫ জন শিক্ষার্থীসহ পরিশিষ্ট 'খ' অনুযায়ী কাম্য শিক্ষার্থী থাকতে হবে এবং

(২) ফাজিল স্তরে সাধারণত প্রতি বিভাগে চারটি বিষয় (Subject) থাকবে, তবে ৫ম বা ততোধিক বিষয় খুলতে হলে অতিরিক্ত প্রতি বিষয়ের জন্য আরও কমপক্ষে ২৫ জন করে শিক্ষার্থী থাকতে হবে।

ঘ) কামিল মাদ্রাসা (১ম-১৭শ):

(১) কামিল স্তর খোলার জন্য একটি বিভাগে ন্যূনতম ৩৫ জন শিক্ষার্থীসহ পরিশিষ্ট 'খ' অনুযায়ী কাম্য সংখ্যক শিক্ষার্থী থাকতে হবে এবং

(২) একাধিক বিভাগ খুলতে হলে বিদ্যমান বিভাগে ৩৫ জন শিক্ষার্থীসহ পরবর্তী প্রতি বিভাগ ন্যূনতম ৩৫ জন শিক্ষার্থী থাকতে হবে।

৭। শিক্ষকতার বিষয় নির্ধারণ :-

৭.১ শিক্ষক মন্ডলীকে তাদের মূল বিষয় ছাড়াও প্রয়োজনে অন্যান্য বিষয়ে পাঠদান করতে হবে।

৭.২ শিক্ষকদের ক্লাস/পিরিয়ড বিষয়ভিত্তিক ক্লাসের চাহিদানুযায়ী নিরূপিত হবে। তাছাড়া প্রতি শিক্ষকের ন্যূনতম অপর ২টি বিষয়ে পাঠদানের দক্ষতা থাকতে হবে।

৭.৩ উচ্চতর স্তরের শিক্ষকদের প্রয়োজনানুযায়ী নিম্ন শ্রেণিসমূহের ক্লাস নিতে হবে।

৭.৪ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষককে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত ও অবশ্য অনুকরণীয় সহ পাঠক্রমিক বিষয়ের ন্যূনতম একটি বিষয়ে দায়িত্ব পালন করতে হবে।

৮।প্রতিষ্ঠানে শিফট খোলার শর্তাবলী:-

ক) প্রতিষ্ঠানের শিফটের শর্তাবলী: যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিফট বিদ্যমান আছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি সমূহের মধ্যে ছাত্র/ছাত্রীর সংখ্যা ১৫০ বা এর অধিক হলে শিফট বিদ্যমান থাকবে এবং শিফটের বিপরীতে নিয়োজিত শিক্ষক/কর্মচারীদের এম.পি.ও. চলমান থাকবে। এই নীতিমালা জারির পর কোন শিক্ষা প্রতিষ্ঠানে নতুন করে ২য় শিফট খোলা যাবে না।

খ) এই নীতিমালা জারির পর কোন শিক্ষা প্রতিষ্ঠান তার অনুমোদিত মূল ক্যাম্পাস ব্যতীত অন্য কোথাও ক্যাম্পাস/ব্রাঞ্চ খুলতে পারবে না।

৯। পদ সমন্বিতকরণ:

(ক) বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে এ নীতিমালায় বর্ণিত জনবলকাঠামো অনুযায়ী শিক্ষক ও কর্মচারী নিয়োজিত থাকবে।

(খ) এ জনবলকাঠামো অনুযায়ী শিক্ষক-কর্মচারীর প্রাপ্যতা নির্ধারণের পর কোন প্রতিষ্ঠানে বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্ত শিক্ষক-কর্মচারীর সংখ্যা যদি প্রাপ্যতার অতিরিক্ত হয় তবে অতিরিক্ত পদসমূহ উদ্বৃত্ত পদ বলে বিবেচিত হবে। এরূপ উদ্বৃত্ত পদে বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত এম.পি.ও.ভুক্ত অতিরিক্ত জনবল থাকলে তারা বেতন-ভাতাদির সরকারি অংশ পেতে থাকবেন। এ সকল পদ শূন্য হলে উক্ত পদে নতুনভাবে আর নিয়োগ দেয়া যাবে না। তবে প্রথমত: প্যাটার্নভুক্ত পদ কোন কারণে শূন্য হলে বিষয়ভিত্তিক শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এম.পি.ওভুক্ত উদ্বৃত্ত পদ হতে উক্ত পদে শিক্ষক/কর্মচারী সমন্বয় করতে হবে (প্রতিষ্ঠান প্রধান ও সহ-প্রধান পদ ব্যতীত)। দ্বিতীয়ত: এম.পি.ও.ভুক্ত উদ্বৃত্ত পদের শিক্ষক-কর্মচারীদের সমন্বয়ের পর অবশিষ্ট শূন্য পদে দাখিল, আলিম, ফাজিল এবং কামিল মাদ্রাসার স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এম.পি.ও.ভুক্ত নয় এমন একই বিষয়/পদে শিক্ষক/কর্মচারীগণকে প্যাটার্নভুক্ত শূণ্যপদের বিপরীতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে। উদ্বৃত্ত পদের শিক্ষক-কর্মচারীদের সমন্বয় করা সম্ভব না হলে জনবলকাঠামো ও

এম.পি.ও.নীতিমালা মোতাবেক প্যাটার্নভুক্ত শূন্য পদে শিক্ষক/কর্মচারী নিয়োগ দেয়া যাবে এবং তারা এম.পি.ও.ভুক্ত হতে পারবেন।

(গ) শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারি নির্দেশনা অনুযায়ী মহিলা কোটা পূরণ করতে হবে; এ ক্ষেত্রে ইতোপূর্বে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র অনুসরণ করতে হবে।

১০। সরকার সময়ে সময়ে কোন বিষয়কে আবশ্যিক হিসেবে ঘোষণা করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে উক্ত বিষয়ে পদ সৃষ্টি হবে এবং উক্ত পদে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ এম.পি.ও.ভুক্ত হবেন।

১১। শিক্ষক ও কর্মচারীদের (মাদ্রাসা) বেতন-ভাতা নির্ধারণ:

১১.১ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) এর সকল শিক্ষক ও কর্মচারীকে অবশ্যই প্রযোজ্য ক্ষেত্রে বেসরকারি শিক্ষক নিবন্ধন কর্তৃপক্ষ আইন/বিধি অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নিয়োগ ও চাকুরী বিধি অনুযায়ী নিয়োজিত এবং পরিশিষ্ট 'ঘ' তে সংযোজিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়/পদে ইনডেক্সধারী/নিবন্ধন সনদধারী হতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে NTRCA এর মেধাক্রম/মনোনয়ন/নির্বাচন অনুসারে শিক্ষক/কর্মচারী নিয়োগ করতে হবে।

১১.২ এম.পি.ও.বিহীন কোন শিক্ষা প্রতিষ্ঠানে এ নীতিমালা জারির পূর্বে বিধিমোতাবেক (অভিজ্ঞতা ব্যতিত) নিয়োজিত নিয়োগকালীন কাম্য শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন নিবন্ধনধারী প্রতিষ্ঠান প্রধান বা সহ-প্রধানগণ প্রতিষ্ঠান এম.পি.ও.ভুক্তির সময়ে পরিশিষ্ট 'ঘ' অনুযায়ী কাম্য অভিজ্ঞতা না থাকলে বর্ণিত স্কেলের এক ধাপ নিচের বেতন-স্কেলে বেতন-ভাতাদি পাবেন। তবে অভিজ্ঞতা পূর্ণ হলে পরিশিষ্ট 'ঘ' অনুযায়ী বেতন-ভাতাদি পাবেন। এম.পি.ও.ভুক্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানে জনবল কাঠামোর পরিশিষ্ট 'ঘ' তে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ব্যতীত কাউকে নিয়োগ দেয়া যাবে না।

১১.৩ (ক) দাখিল মাদ্রাসায় এম.পি.ও.ভুক্ত শিক্ষায় ডিগ্রি বিহীন কোন সহকারী শিক্ষক/ সহকারী মৌলভি যোগদানের ০৫ (পাচ) বছরের মধ্যে ডিগ্রি(বিএড/ডিপ-ইন-এড/বিএমএড/সমমান-যাদের ক্ষেত্রে এ সকল ডিগ্রি প্রযোজ্য) অর্জন করলে তিনি এ ডিগ্রির জন্য বেতন স্কেলের গ্রেড-১০ এ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

(খ) ২০০৬ সাল পর্যন্ত কামিল ডিগ্রি অর্জণকারী মাদ্রাসায় এমপিও ভুক্ত সহকারী মৌলভীগন কামিল ডিগ্রীর জন্য বিএড এর সমান গ্রেড-১০ এ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

(গ) শিক্ষায় ডিগ্রী (বিএড/ডিপ-ইন-এড/বিএমএড/সমমান-যাদের ক্ষেত্রে এ সকল ডিগ্রি প্রযোজ্য) অর্জনের জন্য নির্ধারিত বেতন গ্রেড-১০ ব্যতিত অন্য কোন উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন না।

১১.৪ এম.পি.ও.ভুক্ত প্রভাষকগণ প্রভাষক পদে এম.পি.ও. ভুক্তির ০৮ (আট) বছর পূর্তিতে ৫:২ অনুপাতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাবেন। এতে মোট পদসংখ্যা বৃদ্ধি পাবে না। অন্যান্য প্রভাষকগণ এম.পি.ও.ভুক্তির ১০ বছর সন্তোষজনক চাকুরি পূর্তিতে বেতন গ্রেড ৯ থেকে ৮ প্রাপ্য হবেন। ১০ বছর পূর্তিতে উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্তির পর পরবর্তী ০৬ বছরে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রাপ্ত না হলে ০৬বছর পূর্তিতে বেতন গ্রেড ৮ থেকে ৭ প্রাপ্য হবেন। সমগ্র চাকুরী জীবনে দুটির বেশী উচ্চতর গ্রেড/টাইম স্কেল প্রাপ্য হবেন না।

১১.৫ শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মচারীগণ তাঁদের এম.পি.ও.ভুক্তির তারিখ হতে ১০(দশ) বছর সন্তোষজনক চাকুরি পূর্ণ হলে পরবর্তী উচ্চতর বেতন গ্রেড প্রাপ্য হবেন এবং পরবর্তী ৬ বছর পর একইভাবে পরবর্তী উচ্চতর বেতন গ্রেড প্রাপ্য হবেন। তবে উল্লিখিত স্কেল প্রাপ্তির ক্ষেত্রে একই স্কেলে যথাক্রমে ১০ বছর ও ০৬ বছর চাকুরি পূর্ণ হতে হবে। সমগ্র চাকুরী জীবনে দুটির বেশী উচ্চতর গ্রেড/টাইম স্কেল ( যে নামেই অভিহিত হউক না কেন ) প্রাপ্য হবেন না।

১১.৬ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (মাদ্রাসা) শিক্ষক-কর্মচারীদের চাকুরিতে প্রথম প্রবেশের সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর। তবে সমপদে বা উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রে ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ ৬০(ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে। বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/ সহ: প্রধান/ শিক্ষক-কর্মচারিকে কোন অবস্থাতেই পূন:নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে না।

১১.৭ কোন শিক্ষাপ্রতিষ্ঠানে অনুমোদিত জনবলকাঠামোর অতিরিক্ত শিক্ষক-কর্মচারী নিয়োজিত রাখলে অতিরিক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি ও আনুষঙ্গিক সুবিধাদি ১০০% সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

১১.৮ ইনডেক্সধারী শিক্ষক/কর্মচারী এক ধরনের প্রতিষ্ঠান হতে অন্য ধরনের প্রতিষ্ঠানে সমপদে/সমস্কেলে চাকুরিতে যোগদান করলে পূর্ব অভিজ্ঞতা গণনাযোগ্য হবে।

১১.৯ এ নীতিমালা জারির কারণে উদ্ভূত পূর্বের বকেয়া কোনো আর্থিক সুবিধা প্রদান করা হবে না;

১১.১০(ক) বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্তির জন্য আবেদনকারী শিক্ষক-কর্মচারীগণ একই সাথে একাধিক পদে চাকুরিতে বা আর্থিক লাভজনক কোন পদে নিয়োজিত থাকতে পারবেন না।

(খ) এম.পি.ও.ভুক্ত কোন শিক্ষক-কর্মচারী প্রতিষ্ঠান পরিবর্তন বা উচ্চতর পদে যোগদান করলে যোগদানের তারিখ থেকে পূর্ববর্তী পদের বেতন-ভাতা উত্তোলন করতে পারবেন না।

১১.১১ বেসরকারি মাদ্রাসায় শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে কাঙ্ক্ষিত শিক্ষাগত যোগ্যতার মধ্যে সমগ্র শিক্ষা জীবনে 'পরিশিষ্ট-ঘ' মোতাবেক একটি তৃতীয় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে।

১১.১২ ইনডেক্সধারী শিক্ষক-কর্মচারী সমপদ/সমস্কেলে প্রতিষ্ঠান পরিবর্তন বা উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রে এ নীতিমালার পরিশিষ্ট 'ঘ' তে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা (শ্রেণি/বিভাগ) প্রযোজ্য হবে না ; সে ক্ষেত্রে তাদের প্রথম নিয়োগকালীন শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে।

১১.১৩ (ক) দাখিল মাদ্রাসা আলিম মাদ্রাসার স্তরে উন্নীত হওয়ার পর দাখিল মাদ্রাসার সুপারিনটেনডেন্ট ও সহকারী সুপারিনটেনডেন্ট যথাক্রমে আলিম মাদ্রাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে সমন্বিত হবেন। তবে আলিম স্তর এম.পি.ও.ভুক্ত হওয়ার পর অভিজ্ঞতা পূরণ হওয়া সাপেক্ষে আলিম স্তরের অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদের বেতন-ভাতা প্রাপ্য হবেন।

(খ) আলীম মাদ্রাসা ফাজিল মাদ্রাসার স্তরে উন্নীত হওয়ার পর আলিম মাদ্রাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষ যথাক্রমে ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে সমন্বিত হবেন। তবে ফাজিল স্তর এম.পি.ও.ভুক্ত হওয়ার পর অভিজ্ঞতা পূরণ হওয়া সাপেক্ষে ফাজিল স্তরের অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদের বেতন-ভাতা প্রাপ্য হবেন।

(গ) ফাজিল মাদ্রাসা কামিল মাদ্রাসার স্তরে উন্নীত হওয়ার পর ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষ যথাক্রমে কামিল মাদ্রাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে সমন্বিত হবেন। তবে কামিল স্তর এম.পি.ও.ভুক্ত হওয়ার পর অভিজ্ঞতা পূরণ হওয়া সাপেক্ষে কামিল স্তরের অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদের বেতন-ভাতা প্রাপ্য হবেন।

১১.১৪ এই নীতিমালা জারির পূর্বে বিধিমোতাবেক নিয়োগ প্রাপ্ত শিক্ষক-কর্মচারী এই জনবলকাঠামো ও এম.পি.ও.নীতিমালায় বর্ণিত প্যাটার্ণভুক্ত শূন্যপদে এম.পি.ও.ভুক্ত হতে পারবেন।

**১২। শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তনঃ- (ক)** বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরিরত অবস্থায় প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের মাধ্যমে কোন শিক্ষক/কর্মচারী অন্য যেকোন এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে সমপদে/উচ্চতর পদে নিয়োগের জন্য আবেদন করলে তাঁকে বিভাগীয় প্রার্থীরূপে গণ্য করা হবে। এরূপ প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োজিত হবেন সে শিক্ষা প্রতিষ্ঠান এম.পি.ও.ভুক্ত হলে পূর্বোক্ত প্রতিষ্ঠানের ছাড়পত্র ও দায়মুক্তি পত্র গ্রহণ এবং অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে তিনি নতুন প্রতিষ্ঠানে বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্য হবেন। তবে এক প্রতিষ্ঠান হতে চাকরি ত্যাগ করার পর অন্য প্রতিষ্ঠানে যোগদানকালীন সময়ের ব্যবধান সর্বোচ্চ ২ (দুই) বৎসর পর্যন্ত তাঁর ইনডেক্স বহাল থাকবে; এর অধিক হলে চাকুরির বিরতি (Break of Service) বলে গণ্য হবে।

**(খ)** সরকার এম.পি.ও.ভুক্ত শিক্ষক, কর্মচারীদের প্রয়োজনবোধে নীতিমালা প্রণয়নের মাধ্যমে এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে বদলি করতে পারবে।

**১৩। জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা নির্ধারণ :-**শিক্ষক ও কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা তাদের সংশ্লিষ্ট পদে প্রথম এমপিওভুক্তির তারিখ থেকে গণনা করা হবে। তবে এমপিওভুক্তি একই তারিখে হলে জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে যোগদানের তারিখ বিবেচনা করা হবে। যোগদানের তারিখ একই হলে জন্ম তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ হবে। জন্ম তারিখ একই হলে যার শিক্ষাগত যোগ্যতা বেশী তিনি জ্যেষ্ঠ হবেন।

১৪। শিক্ষা প্রতিষ্ঠান গ্রেডিং:- শিক্ষা প্রতিষ্ঠানসমূহের এম.পি.ও.ভুক্তিকরণের নিম্নরুপ সূচকের আলোকে গ্রেডিং পদ্ধতি ব্যবহার করা যেতে পারে:

| | |
|---|---|
| একাডেমিক স্বীকৃতির তারিখ | ২৫ (প্রতি ২ বছরের জন্য ৫, ১০ বা তদুর্ধ্ব বছর হলে ২৫) |
| শিক্ষার্থীর সংখ্যা | ২৫ ( কাম্য সংখ্যার ক্ষেত্রে ১৫, কাম্য সংখ্যার পরবর্তী প্রতি ১০% বৃদ্ধির জন্য ৫) |
| পরীক্ষার্থীর সংখ্যা | ২৫ ( কাম্য সংখ্যার ক্ষেত্রে ১৫, কাম্য সংখ্যার পরবর্তী প্রতি ১০ জনের ৫ ) |
| উর্ত্তীণের সংখ্যা | ২৫ (কাম্য হার অর্জনের ক্ষেত্রে ১৫, পরবর্তী প্রতি ১০% এর জন্য ৫ জন) |
| মোট = | ১০০ |

**১৫।** শিক্ষা প্রতিষ্ঠান এম.পি.ওভুক্তির পদ্ধতি: শিক্ষা প্রতিষ্ঠান এম.পি.ওভুক্তির জন্য কাম্য শর্তাদি পূরণ সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অন লাইনে আবেদন করতে হবে।

১৬। (ক) এম.পি.ও.ভুক্তির লক্ষ্যে প্রতিষ্ঠান বাছাই এর জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয় এর একজন অতিরিক্ত সচিবকে আহবায়ক করে একটি কমিটি হবে। কমিটি এ নীতিমালা এবং বাজেট বরাদ্দের আলোকে এম.পি.ও.ভুক্তির জন্য প্রতিষ্ঠান বাছাইপূর্বক সরকারের নিকট সুপারিশ করবে।

(খ) কোন শিক্ষা প্রতিষ্ঠান মন্ত্রণালয় কর্তৃক এম.পি.ও.ভুক্তির আদেশ প্রাপ্ত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠানের ধরণ অনুযায়ী এম.পি.ও.কোড প্রদান করবে।

**১৭। শিক্ষক/কর্মচারীর বেতন-ভাতাদির সরকারি অংশ ছাড়করণ পদ্ধতি:**

১৭.১ বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্তির জন্য শিক্ষক/কর্মচারীকে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাদিসহ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নির্দেশিত প্রক্রিয়ায় আবেদন/অন লাইনে আবেদন করতে হবে।

১৮.২ এ নীতিমালা পরিপন্থী কাজে জড়িত থাকা, প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা ভঙ্গ, অসদাচরণ বা নৈতিক স্খলনজনিত কোন অভিযোগের প্রাথমিক প্রমান পাওয়া গেলে কোন শিক্ষক/কর্মচারীর এমপিও সাময়িকভাবে স্থগিত করা যাবে। স্থগিত করার ৬০ কর্মদিবসের মধ্যে তদন্ত করে চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করা হবে। অভিযোগ প্রমানিত হলে এমপিও স্থায়ীভাবে বন্ধ করা যাবে বা অন্যকোন শাস্তি দেয়া যাবে। অভিযোগ প্রমানিত না হলে এমপিও বহাল করা হবে এবং বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ পরিশোধ করা হবে। অভিযোগ আংশিক প্রমানিত হলে এমপিও বহাল করা যাবে এবং বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ পরিশোধের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করবে।

১৮.৩ এম.পি.ও. স্থগিত অথবা বাতিলকৃত কোন প্রতিষ্ঠান পরবর্তীতে এম.পি.ও.র শর্তপূরণ করলে পুনরায় এম.পি.ও. ছাড়ের যোগ্য বিবেচিত হবে। এ ক্ষেত্রে এম.পি.ও. স্থগিতকালীন সময়ের কোন বকেয়া বেতন-ভাতা প্রাপ্য হবে না।

১৮.৪ প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এম.পি.ও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।

১৮.৫ ব্যক্তিগত মামলায় নির্দোষ প্রমাণিত হলে আদালতের নির্দেশনা সাপেক্ষে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয় বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানের বিষয়ে বিবেচনা করতে পারবে।

১৮.৬ এমপিও স্থগিত, বাতিল এবং পূণরায় চালুর ক্ষেত্রে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন হবে;

১৯। পূণ:বিবেচনার আবেদন : কোন প্রতিষ্ঠান/শিক্ষক-কর্মচারীর বেতন ভাতাদির সরকারি অংশ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয় কর্তৃক স্থগিত, কর্তন ও বাতিলের বিরুদ্ধে নিম্নোক্তভাবে সরকারের নিকট পূণ:বিবেচনার জন্য আবেদন করা যাবে।

(ক) প্রতিষ্ঠানের প্রধান বা শিক্ষক-কর্মচারীকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর উপযুক্ত কারণ উল্লেখপূর্বক ও প্রমাণাদি সহকারে ৩০ দিনের মধ্যে আবেদন করতে হবে।

(খ) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এটি পরীক্ষান্তে ৩০ দিনের মধ্যে শুনানী গ্রহণপূর্বক মতামতসহ শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা বিভাগে প্রেরণ করবে।

(গ) এ বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গঠিত নিম্নোক্ত কমিটি সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী চুড়ান্ত নিষ্পত্তির জন্য সুপারিশ প্রদান করবে –

| | |
|---|---|
| (১) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | - সভাপতি |
| (২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি (পরিচালক পর্যায়ের নিম্নে নহে) | - সদস্য |
| (৩) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের প্রতিনিধি | - সদস্য |
| (৪) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, অডিট ও আইন শাখার প্রতিনিধি | - সদস্য |
| (৫) যুগ্ম-সচিব/উপসচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২০। শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠান মুল্যায়ন ব্যবস্থা: প্রতিষ্ঠান প্রধানসহ সকল এম.পি.ও.ভুক্ত শিক্ষকের কাজের মূল্যায়নের ব্যবস্থা থাকতে হবে। প্রত্যেক এম.পি.ও.ভুক্ত প্রতিষ্ঠান এম.পি.ও.ভুক্ত শিক্ষেকর বার্ষিক মূল্যায়নের ব্যবস্থা করবে। এ বিষয়ে সরকার যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

২১। আঞ্চলিক সামঞ্জস্য বিধান: এম.পি.ও.ভুক্তির জন্য শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে আঞ্চলিক সামঞ্জস্য রক্ষা করতে হবে। এই নীতিমালা অনুসরণে নতুন প্রতিষ্ঠান(মাদ্রাসা) এম.পি.ও.ভুক্ত করার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলার জনসংখ্যা, এম.পি.ও.ভুক্ত প্রতিষ্ঠানের সংখ্যা ও প্রতিষ্ঠানের ধরণ বিবেচনা করতে হবে। এক্ষেত্রে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় যথাযথ সূচক/প্রক্রিয়া নির্ধারণ এবং কার্যকর করবে।

২২। বিশেষ ক্ষেত্রে শর্ত শিথিল: শিক্ষায় অনগ্রসর, ভৌগলিকভাবে অসুবিধাজনক (Geographically Disadvantaged) পাহাড়ী এলাকা, হাওড়-বাওড়, চরাঞ্চল, নারীশিক্ষা, সামাজিকভাবে অনগ্রসর গোষ্ঠী, প্রতিবন্ধী, বিশেষায়িত শিক্ষাপ্রতিষ্ঠান প্রতিষ্ঠার ক্ষেত্রে বিশেষ বিবেচনায় শর্ত শিথিল করা যেতে পারে।

২৩। এমপিও ভুক্তির পর শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ পরিবর্তন করা যাবেনা।

২৪। প্রতিষ্ঠান ও শিক্ষক মূল্যায়ন:

২৪.১ দক্ষ মানব সম্পদ তৈরীর লক্ষ্যে প্রতিষ্ঠান ও শিক্ষক পর্যায়ে সৃজনশীলতা, কর্মদক্ষতা, উদ্ভাবনী ক্ষমতা ও প্রযুক্তিগত দক্ষতা মুল্যায়নের ব্যবস্থা করতে হবে।

২৪.২ প্রতিষ্ঠান প্রধান অনুচ্ছেদ ২৪.১ অনুযায়ী শিক্ষক/কর্মচারীদের বার্ষিক মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবে।

২৪.৩ প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্ণিং বডি/এডহক কমিটি অনুচ্ছেদ ২৪.১ অনুযায়ী প্রতিষ্ঠান প্রধানের মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবে। ম্যানেজিং কমিটি/গভর্ণিং বডি/এডহক কমিটির অবর্তমানে বেতন ভাতা-বিলে সভাপতির পরিবর্তে স্বাক্ষরকারী কর্মকর্তা উক্তরুপ মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবে।

২৫। পেশার উৎকর্ষ সাধান:

২৫.১ শিক্ষকতার ক্ষেত্রে নির্ধারিত পাঠ্যক্রম, শিক্ষণ-শিখন, নিয়মানুবর্তিতা ও শুদ্ধাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২৫.২ বিষয়ভিত্তিক উচ্চমানের দক্ষতা অর্জনের পাশাপাশি সৃজনশীল কর্মকান্ডে পারদর্শী হতে হবে।

২৫.৩ কোচিং বাণিজ্য ও নোটবুক ব্যবহার হতে বিরত থাকতে হবে।

২৫.৪ প্রতিষ্ঠানের প্রশাসনিক ও একাডেমিক শৃঙ্খলা রক্ষায় কর্তৃপক্ষের নির্দেশনা প্রতিপালনে সচিষ্ট থাকেত হবে।

২৬। রহিতকরণ: এ নীতিমালা কার্যকর হওয়ার পূর্বে জারিকৃত শিক্ষা মন্ত্রণালয়ের এতদসংক্রান্ত সকল আদেশ ও নির্দেশনায় বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানের বেতন-ভাতাদির সরকারি অংশ এবং জনবল কাঠামো সম্পর্কিত সংশ্লিষ্ট অংশসমূহ বাতিল বলে গন্য হবে।

২৭। নীতিমালারকার্যকারিতা: এ নীতিমালা নিম্নরূপভাবে কার্যকর হবে;

(ক) নীতিমালার জারি হওয়ার পূর্বে এম.পি.ও.ভুক্ত শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান অব্যাহত থাকবে;

(খ) নিবন্ধন পরীক্ষা ও নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক শিক্ষক নির্বাচন চালু হওয়ার পূর্বে পাঠদানের অনুমতি প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণের নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজন হবে না;

(গ) জনবল কাঠামোতে নবসৃষ্ট পদসমূহ পর্যায়ক্রমে ৫ (পাচঁ) বছরে পুরণ যোগ্য হবে;
(ঘ) সরকার জনস্বার্থে এ নীতিমালা প্রয়োজনীয় সংশোধন করতে পারবে;

(ঙ) এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

২৮। ব্যাখ্যা: বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকার কোন ব্যাখ্যার প্রয়োজন হলে সরকারের নিকট হতে তা গ্রহণ করতে হবে।

১২.৭.২০১৮
(মো: আলমগীর)
সচিব

বিতরণ:
১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,/মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন)/কারিগরি/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৪। যুগ্ম-সচিব (প্রশাসন/মাদ্রাসা/কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তর
৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৭। মহাপরিচালক, কারিগরি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা২১
৮। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা
৯। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা
১০। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা
১১। মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী।
১২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ।
১৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড, আগারগাও, ঢাকা
১৪। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এন, সি, টি, বি), মতিঝিল, ঢাকা
১৫। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনষ্টিটিউট
১৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী বাংক/অগ্রনী ব্যাংক/ জনতা ব্যাংক/রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা

১৭। জেলা প্রশাসক, ------------------------------------------------------- (সকল)
